# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৭৭

২৫/ চিকিৎসা (كتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/২০. রক্তমোক্ষণ

بَاب الْحِجَامَةُ

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا زِيَادُ بْنُ الرَّبِيعِ، حَدَّثَنَا عَبَّادُ بْنُ مَنْصُورٍ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " مَا مَرَرْتُ لَيْلَةَ أُسْرِيَ بِي بِمَلإٍ مِنَ الْمَلاَئِكَةِ إِلاَّ كُلُّهُمْ يَقُولُ لِي عَلَيْكَ يَا مُحَمَّدُ بِالْحِجَامَةِ " .

বাংলা

২/৩৪৭৭। ইবনে আব্বাস থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ মিরাজের রাতে আমি ফেরেশতাদের যে দলকেই অতিক্রম করেছিলাম, তাদের সকলে আমাকে বলেছেন, হে মুহাম্মাদ! আপনি অবশ্যই রক্তমোক্ষণ করবেন।

## English

It was narrated from Ibn ‘Abbas that the Messenger of Allah (ﷺ) said: “On the night on which I was taken on the Night Journey (Isra’), I did not pass by any group of angels but all of them said to me: ‘O Muhammad, you should use cupping.’”

ফুটনোট

তিরমিযী ২০৫৩, সহীহাহ ২২৬৩, মিশকাত ৪৫৪৪। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আব্বাদ বিন মানসুর সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি ইকরিমাহ থেকে হাদিস শ্রবন করেননি অথচ তিনি তার থেকে একাধিক হাদিস বর্ণনা করেছেন। আবু জা'ফার আল-উকায়লী বলেন, তিনি দুর্বল। আবু হাতিম আর-রাযী বলেন, তার থেকে হাদিস গ্রহন করা যায় তবে তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কাদারিয়্যা মতাবলম্বী হওয়ার ব্যাপারে অভিযোগ রয়েছে। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩০৯৩, ১৪/১৫৬

নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=44441

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন